

## প্রস্তাবিত অষ্টম বেতন স্কেল বাতিলের দাবিতে শিক্ষক সমিতির মানববন্ধন রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়

### ■ রংপুর প্রতিনিধি

প্রস্তাবিত ৮ম বেতন স্কেল বাতিল ও তা পুনঃনির্ধারণ এবং শিক্ষকদের জন্য হততর বেতন স্কেল ঘোষণার দাবিতে গতকাল রবিবার মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশ করেছে রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, শিক্ষক সমিতির সভাপতি ড. আর এম হাফিজুর রহমান এবং সাধারণ সম্পাদক ড. পরিমল চন্দ্র স্বর্গ, সমিতির সাবেক সভাপতি অধ্যাপক ড. সাইদুল হক, কার্যনির্বাহী সদস্য তাবিউর রহমান প্রধান। বক্তারা বলেন, শিক্ষকদের জন্য নতুন বেতন কাঠামো প্রণয়ন ও বাস্তবায়নের মধ্যবর্তী সময়ে ঘোষিত বেতন কাঠামো পুনঃনির্ধারণ করে সকল বৈষম্য দূরীকরণপূর্বক সিলেকশনগ্রেড অধ্যাপকদের বেতন-তাতা সিনিয়র সচিবদের সমতুল্য করতে হবে। এ ছাড়াও অধ্যাপকদের বেতন-তাতা পদায়িত সচিবের সমতুল্য করে সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক ও প্রভাষকদের বেতন কাঠামো জনানুসারে নির্ধারণ করাসহ শিক্ষকদের যৌক্তিক বেতন স্কেল ও মর্যাদা নিশ্চিত করতে হবে। অন্যথায় আরো কঠোর আন্দোলন গড়ে তোলার কথা বলেন শিক্ষকবৃন্দ।